গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
www.dwa.gov.bd

স্মারকনং- ৩২.০১.০০০০.০০৫.২৩.২৩১ (অংশ-১৩).২৪ - ২৮৭ তাং- ১৮/০২/২০২৬

বিষয়: ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস-২০২৬ উদযাপন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আন্তর্জাতিক নারী দিবস-২০২৬ এর প্রতিপাদ্য বিষয়

"আজকের পদক্ষেপ, আগামীর ন্যায়বিচার
সুরক্ষিত হোক নারী ও কন্যার অধিকার"

উল্লিখিত প্রতিপাদ্যকে সামনে রেখে জেলা ও উপজেলায় স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয়পূর্বক কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ ১। প্রশাসনিক মন্ত্রণালয়ের প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী-৭ পৃষ্ঠা।
২। প্রতিপাদ্য বিষয় সংক্রান্ত চিঠি-১ পৃষ্ঠা।

১৮/০২/২৬
(মোঃ মহিউদ্দীন আহমেদ)
উপপরিচালক (রেজিষ্ট্রেশন ও জনসংযোগ)

১.উপপরিচালক
উপপরিচালকের কার্যালয়...........................
(তাঁকে তাঁর আওতাধীন সকল উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, প্রশিক্ষণ কেন্দ্র/একাডেমির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে পত্রের আলোকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।
২.উপপরিচালক প্রশিক্ষণ, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (প্রশিক্ষণ কেন্দ্র/ একাডেমিকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য)।

**জ্ঞাতার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। জেলা প্রশাসক (সকল)।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য), মহিলা ও শিশু মন্ত্রণালয়, ঢাকা।
৩। মাননীয়.প্রতিমন্ত্রীর একান্ত সচিব (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য), মহিলা ও শিশু মন্ত্রণালয়, ঢাকা।
৪।সিনিয়র সচিবের একান্ত সচিব (মহোদয়ের সদয় অবগতির জন্য), মহিলা ও শিশু মন্ত্রণালয়, ঢাকা।
৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৬। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহোদয়ের সদয় অবগতির জন্য), মহিলা বিষয়ক অধিদপ্তর।
৭। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য), মহিলা বিষয়ক অধিদপ্তর।
৮। অফিস কপি।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নারী ও শিশু মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

**বিষয় ঃ আগামী ৮ মার্চ ২০২৬ আন্তর্জাতিক নারী দিবস উদযাপনের লক্ষ্যে অভ্যন্তরীণ প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

সভাপতি ঃ শারমীন এস মুরশিদ, মাননীয় উপদেষ্টা, নারী ও শিশু মন্ত্রণালয়।
সভার স্থান ঃ নারী ও শিশু মন্ত্রণালয়ের সভাকক্ষ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
তারিখ ও সময় ঃ ২৫/০১/২০২৬ খ্রিঃ, সকাল ১০:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ পরিশিষ্ট-'ক'।

আগামী ৮ মার্চ ২০২৬ আন্তর্জাতিক নারী দিবস উদযাপন উপলক্ষে আয়োজিত প্রস্তুতিমূলক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সিনিয়র সচিব সভাকে অবহিত করেন যে, নারীর মর্যাদা ও অধিকার প্রতিষ্ঠার সুদীর্ঘ সংগ্রামে আন্তর্জাতিক নারী দিবস একটি তাৎপর্যপূর্ণ দিন। নারী আন্দোলনের প্রতি সর্বাত্মক সমর্থন ব্যক্ত করে নারীর অধিকার প্রতিষ্ঠার প্রত্যয়ে ১৯৮৪ সালে জাতিসংঘ ৮ মার্চকে আন্তর্জাতিক নারী দিবস ঘোষণা করে। সারা বিশ্বের মত বাংলাদেশেও বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে আন্তর্জাতিক নারী দিবস উদযাপন করা হয়। এ বছর আন্তর্জাতিক নারী দিবস কিভাবে উদ্‌যাপন করা হবে সে বিষয়ে আলোচনার জন্য এ অভ্যন্তরীণ প্রস্তুতিমূলক সভা আহবান করা হয়েছে। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | অনুষ্ঠানের ভেন্যু | ওসমানী স্মৃতি মিলনায়তনে ভেন্যু নির্ধারণের বিষয়ে সভায় আলোচনা হয়। গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ে ভেন্যু বরাদ্দের বিষয়ে পত্র প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয়। | আন্তর্জাতিক নারী দিবস-২০২৬ এর ভেন্যু ওসমানী স্মৃতি মিলনায়তনে নির্ধারণ করা হয় এবং গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। | নারী ও শিশু মন্ত্রণালয়, মন্ত্রিপরিষদ ও গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় |
| ২. | দিবসের প্রতিপাদ্য নির্ধারণ | জাতিসংঘের UN Women এর অফিসিয়াল ওয়েবসাইটে প্রকাশিত নির্ধারিত ইংরেজি প্রতিপাদ্য "Rights. Justice. Action. For All Women and Girls." -এর আলোকে উপযুক্ত বাংলা প্রতিপাদ্য নির্ধারণের জন্য সকল কর্মকর্তাকে যুগ্মসচিব (শিশু ও সমন্বয়) এর হোয়াটস এ্যাপে বাংলা প্রতিপাদ্য প্রেরণের জন্য সভায় নির্দেশনা দেয়া হয়। প্রাপ্ত সকল প্রতিপাদ্য নথিতে উপস্থাপনের মাধ্যমে উপযুক্ত প্রতিপাদ্য অনুমোদন করা হবে। | জাতিসংঘের UN Women এর অফিসিয়াল ওয়েবসাইটে প্রকাশিত নির্ধারিত ইংরেজি প্রতিপাদ্য "Rights. Justice. Action. For All Women and Girls." -এর আলোকে সকল কর্মকর্তাদের নিকট হতে প্রাপ্ত প্রতিপাদ্য হতে উপযুক্ত বাংলা প্রতিপাদ্য নির্ধারণ করা হবে। | সকল কর্মকর্তা, নারী ও শিশু মন্ত্রণালয় |
| ৩. | মাননীয় প্রধান উপদেষ্টার কার্যালয়ে সার-সংক্ষেপ প্রেরণ | আন্তর্জাতিক নারী দিবসে প্রধান অতিথির আসন অলংকৃত করার বিষয়ে মাননীয় প্রধান উপদেষ্টার সদয় সম্মতি চেয়ে সার-সংক্ষেপ প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়। | আন্তর্জাতিক নারী দিবসে প্রধান অতিথির আসন অলংকৃত করার বিষয়ে মাননীয় প্রধান উপদেষ্টার সদয় সম্মতির নিমিত্ত সার-সংক্ষেপ প্রেরণ করতে হবে। | নারী ও শিশু মন্ত্রণালয় |



M·

CamScanner

| ক্রঃ নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৪. | আন্তর্জাতিক নারী দিবস-২০২৬ উদযাপনের অনুষ্ঠানসূচি | সভায় আন্তর্জাতিক নারী দিবস -২০২৬ উদযাপনের প্রস্তাবিত অনুষ্ঠানসূচি নিয়ে আলোচনা করা হয়। সার-সংক্ষেপের সাথে একটি প্রস্তাবিত অনুষ্ঠানসূচি মাননীয় প্রধান উপদেষ্টা বরাবর প্রেরণ করা হবে। | সভায় আলোচাক্রমে নিম্নরূপ প্রস্তাবিত অনুষ্ঠানসূচি নির্ধারণ করা হয়:- | নারী ও শিশু মন্ত্রণালয় |

<u>প্রস্তাবিত</u>

**আন্তর্জাতিক নারী দিবস, ২০২৬**

**অনুষ্ঠানসূচি:-**

তারিখ: ০৮ মার্চ ২০২৬, রবিবার

ভেন্যু: ওসমানি স্মৃতি মিলনায়তন, ঢাকা।

| সময় (সকাল) | অনুষ্ঠানসূচি |
|---|---|
| ০৯:০০ মি: | অতিথিবৃন্দের আসন গ্রহণ |
| ১০:০০ মি: | প্রধান উপদেষ্টার আগমন এবং আসন গ্রহণ |
| ১০:০১ মি: | পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠ |
| ১০:১০ মি: | নারীর অগ্রযাত্রার উপর প্রামাণ্যচিত্র প্রদর্শন |
| ১০:১৫ মি: | স্বাগত বক্তব্য<br>জনাব মমতাজ আহমেদ এনডিসি<br>সিনিয়র সচিব, নারী ও শিশু মন্ত্রণালয় |
| ১০:৩০ মি: | বিশেষ অতিথির বক্তব্য<br>Gwyn Lewis<br>UN Resident Co-ordinator<br>Bangladesh. |
| ১০.৪০ মি: | শ্রেষ্ঠ অদম্য নারীদের পরিচিতি উপস্থাপন: সিনিয়র সচিব, নারী ও শিশু মন্ত্রণালয় |
| | সম্মাননা প্রদান : **মাননীয় প্রধান উপদেষ্টা** |
| ১০:৫০ মি: | সম্মাননা প্রাপ্ত শ্রেষ্ঠ অদম্য নারীর মধ্য হতে একজনের অনুভূতি প্রকাশ |
| ১০:৫৫ মি: | <u>**প্রধান অতিথির ভাষণ**</u><br>ড. মুহাম্মদ ইউনূস<br>মাননীয় প্রধান উপদেষ্টা |
| ১১:০৫ মি: | <u>**সভাপতির বক্তব্য**</u><br>জনাব শারমীন এস মুরশিদ, মাননীয় উপদেষ্টা, নারী ও শিশু মন্ত্রণালয় |
| | ফটোসেশন |
| - | অনুষ্ঠানের সমাপ্তি |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | বিশেষ অতিথি নির্ধারণ | সভায় বিশেষ অতিথি হিসেবে Gwyn Lewis, UN Resident Co-ordinator, Dhaka, Bangladesh-কে নির্বাচন করার বিষয়ে আলোচনা হয়। | আন্তর্জাতিক নারী দিবসে বিশেষ অতিথি হিসেবে Gwyn Lewis UN Resident Co-ordinator, Dhaka, Bangladesh-কে নির্বাচন করা হয়। | নারী ও শিশু মন্ত্রণালয় এবং মহাপরিচালক, মবিঅ |



CamScanner

| ক্রঃ নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৬. | মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধান উপদেষ্টা, মাননীয় উপদেষ্টা ও সিনিয়র সচিব মহোদয়ের বাণী প্রস্তুতকরণ ও মাননীয় প্রধান উপদেষ্টা, মাননীয় উপদেষ্টা ও সিনিয়র সচিব মহোদয়ের বক্তব্য প্রস্তুতকরণ | দিবসটি উদযাপন উপলক্ষে প্রকাশিতব্য ক্রোড়পত্রে প্রকাশের জন্য মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধান উপদেষ্টা, মাননীয় উপদেষ্টা ও সিনিয়র সচিব মহোদয়ের বাণীর খসড়া মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক প্রস্তুত করত: অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা দেয়া হয়। এছাড়া মাননীয় প্রধান উপদেষ্টা, মাননীয় উপদেষ্টা ও সিনিয়র সচিব মহোদয়ের বক্তব্যের খসড়া ও মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক প্রস্তুত করার বিষয়ে আলোচনা করা হয়। | দিবসটি উদযাপন উপলক্ষে প্রকাশিতব্য ক্রোড়পত্রে প্রকাশের জন্য মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধান উপদেষ্টা, মাননীয় উপদেষ্টা ও সিনিয়র সচিব মহোদয়ের বাণীর খসড়া মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক প্রস্তুত করত: অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণের করতে হবে। এছাড়া মাননীয় প্রধান উপদেষ্টা, মাননীয় উপদেষ্টা ও সিনিয়র সচিব মহোদয়ের বক্তব্যের খসড়া ও মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক প্রস্তুত করতে হবে এবং মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | নারী ও শিশু মন্ত্রণালয় এবং মবিঅ |
| ৭. | জাতীয় দৈনিকে ক্রোড়পত্র প্রকাশ এবং গণমাধ্যমে প্রচার ও প্রচারণা | আন্তর্জাতিক নারী দিবস -২০২৬ উদযাপন উপলক্ষে ক্রোড়পত্র প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং গণমাধ্যমে প্রচার ও প্রচারণা করতে হবে। | আন্তর্জাতিক নারী দিবস - ২০২৬ উদযাপন উপলক্ষে প্রকাশিতব্য ক্রোড়পত্র নির্বাচিত জাতীয় পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নারী ও শিশু মন্ত্রণালয়, জনসংযোগ কর্মকর্তা এবং মবিঅ |
| ৮. | ০৫ জন শ্রেষ্ঠ অদম্য নারীকে সম্মাননা প্রদান | শ্রেষ্ঠ নির্বাচিত ০৫ (পাঁচ) জন অদম্য নারী কে মাননীয় প্রধান উপদেষ্টা সম্মাননা প্রদান করবেন। সকলের জন্য উন্মুক্ত দরখাস্ত আহবানের মাধ্যমে যোগ্য অদম্য নারী নির্বাচনের জন্য এবং শ্রেষ্ঠ অদম্য নারী সম্মাননায় যারা এ পর্যন্ত পুরস্কৃত হননি তাঁদেরকে প্রাধান্য দেয়ার জন্য সভায় আলোচনা করা হয়। | সকলের জন্য উন্মুক্ত দরখাস্ত আহবানের মাধ্যমে যোগ্য অদম্য নারী নির্বাচন করতে হবে। | মবিঅ-২, নারী ও শিশু মন্ত্রণালয়, মবিঅ এবং সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ৯. | নারী উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের প্রদর্শনী | নারী উদ্যোক্তাদের উৎপাদিত উন্নতমানের পণ্যের প্রদর্শনীর জন্য আন্তর্জাতিক নারী দিবস-২০২৬ এর অনুষ্ঠানস্থলের বাইরের প্রাঙ্গনে স্টল স্থাপন বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>এছাড়াও মহিলা বিষয়ক অধিদপ্তর, জয়িতা ফাউন্ডেশন ও জাতীয় মহিলা সংস্থার উদ্যোক্তাদের তৈরিকৃত উন্নতমানের পন্যের প্রদর্শনীর জন্য প্রতি জেলায় (উপজেলাসহ) কমপক্ষে ২টি করে স্টল স্থাপনপূর্বক মেলা উদযাপন করার জন্য সভাপতি নির্দেশনা দেন। | নারী উদ্যোক্তাদের উৎপাদিত উন্নতমানের পণ্যের প্রদর্শনীর জন্য আন্তর্জাতিক নারী দিবস-২০২৬ এর অনুষ্ঠানস্থলের বাইরের প্রাঙ্গনে স্টল স্থাপন করা হবে।<br>মহিলা বিষয়ক অধিদপ্তর, জয়িতা ফাউন্ডেশন ও জাতীয় মহিলা সংস্থার উদ্যোক্তাদের তৈরিকৃত উন্নতমানের পণ্যের প্রদর্শনীর জন্য প্রতি জেলায় (উপজেলাসহ) কমপক্ষে ২টি করে স্টল স্থাপনপূর্বক মেলা উদযাপন করা যেতে পারে। | মবিঅ, জয়িতা ফাউন্ডেশন ও জামস |

| ক্রঃ নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১০. | প্রামাণ্য চিত্র প্রদর্শন এবং আন্তর্জাতিক নারী দিবস - ২০২৬ উদ্‌যাপন উপলক্ষে দেশব্যাপী মানববন্ধন | ক) আন্তর্জাতিক নারী দিবস - ২০২৬ উদযাপন অনুষ্ঠানে নারী ও শিশু মন্ত্রণালয়ের মিশন, ভিশন ও মন্ত্রণালয়ের বিভিন্ন কার্যক্রম এবং নারী উন্নয়নের উপর সর্বোচ্চ ০৫-০৬ মিনিট ব্যপ্তির প্রামাণ্য চিত্র তৈরির প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয়) ও অতিরিক্ত সচিব (প্রশাসন) কে সভায় নির্দেশনা দেয়া হয়। এছাড়াও তৈরিকৃত প্রামাণ্য চিত্র মন্ত্রণালয় ও দপ্তর সংস্থা একাডেমির ওয়েবসাইটে ও বিভিন্ন গণমাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশনা দেয়া হয়।<br><br>খ) ৮ মার্চ রমজান মাস হওয়াতে সকল প্রকার মানববন্ধন/শোভাযাত্রা/র‍্যালী না করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | ক) আন্তর্জাতিক নারী দিবস - ২০২৬ উদযাপন অনুষ্ঠানে নারী ও শিশু মন্ত্রণালয়ের মিশন, ভিশন ও মন্ত্রণালয়ের বিভিন্ন কার্যক্রম এবং নারী উন্নয়নের উপর সর্বোচ্চ ০৫-০৬ মিনিট ব্যপ্তির প্রামাণ্য চিত্র তৈরির বিষয়ে মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয়) ও অতিরিক্ত সচিব (প্রশাসন) প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। এছাড়াও তৈরিকৃত প্রামাণ্য চিত্র মন্ত্রণালয় ও দপ্তর সংস্থা একাডেমির ওয়েবসাইটে ও বিভিন্ন গণমাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ) ৮ মার্চ রমজান মাসে হওয়াতে সকল প্রকার মানববন্ধন/শোভাযাত্রা/র‍্যালী না করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | নারী ও শিশু মন্ত্রণালয়, মবিঅ, এবং সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ১১. | সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন | ৮ মার্চ রমজান মাস হওয়াতে সাংস্কৃতিক পরিবেশনা না করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | ৮ মার্চ রমজান মাসে হওয়াতে সাংস্কৃতিক পরিবেশনা না করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | নারী ও শিশু মন্ত্রণালয় /মবিঅ |
| ১২. | দাওয়াত কার্ড ছাপানো ও বিতরণ এবং স্মরণিকা প্রকাশ | (ক) দাওয়াত কার্ড ছাপানোর বিষয়ে সংশ্লিষ্ট উপ-কমিটি এ বিষয়ে কার্যক্রম গ্রহণ করবেন এবং মাননীয় উপদেষ্টার অনুমোদনক্রমে দাওয়াত কার্ড প্রস্তুত, ছাপানো ও বিতরণের ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br><br>(খ) আন্তর্জাতিক নারী দিবস - ২০২৬ উদযাপন উপলক্ষে পুস্তিকা প্রকাশের জন্য নারী ও শিশু মন্ত্রণালয়ের পূর্বের অবস্থা হতে ধীরে ধীরে বর্তমান সরকারের সময়ে অগ্রগতির প্রতিচ্ছবি সম্বলিত বিভিন্ন উন্নয়নমূলক ঘটনার সমন্বয়ে পুস্তিকা তৈরিপূর্বক প্রকাশের বিষয়ে আলোচনা হয়। | (ক) মাননীয় উপদেষ্টার অনুমোদনক্রমে দাওয়াত কার্ড প্রস্তুত, ছাপানো ও বিতরণ করতে হবে।<br><br>(খ) আন্তর্জাতিক নারী দিবস - ২০২৬ উদযাপন উপলক্ষে পুস্তিকা প্রকাশের জন্য নারী ও শিশু মন্ত্রণালয়ের পূর্বের অবস্থা হতে ধীরে ধীরে বর্তমান সরকারের সময়ের অগ্রগতির প্রতিচ্ছবি সম্বলিত বিভিন্ন উন্নয়নমূলক ঘটনার সমন্বয়ে পুস্তিকা তৈরিপূর্বক প্রকাশের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | মবিঅ/সংশ্লিষ্ট উপ-কমিটি |



CamScanner

| ক্রঃ নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| --- | --- | --- | --- | --- |
| ১৩. | অনুষ্ঠান সরাসরি সম্প্রচার | আন্তর্জাতিক নারী দিবস -২০২৬ উপলক্ষে আয়োজিত ৮ মার্চের অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচারের জন্য বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, প্রধান উপদেষ্টার প্রেস উইং এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়কে পত্র প্রেরণের বিষয়ে আলোচনা হয়। এ সংক্রান্ত কার্যক্রমের জন্য জনসংযোগ কর্মকর্তাকে ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | আন্তর্জাতিক নারী দিবস -২০২৬ উপলক্ষে আয়োজিত ৮ মার্চের অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচারের জন্য বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, প্রধান উপদেষ্টার প্রেস উইং এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়কে পত্র প্রেরণ করতে হবে। এ বিষয়ে জনসংযোগ কর্মকর্তাকে ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | নারী ও শিশু মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং জনসংযোগ কর্মকর্তা, নারী ও শিশু মন্ত্রণালয়। |
| ১৪. | দিবসের তাৎপর্য প্রচার ও গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে বাংলাদেশ টেলিভিশন/বেতারে টক-শো'র আয়োজন | দিবসটির তাৎপর্য তুলে ধরে বাংলাদেশ টেলিভিশন/বেসরকারী টেলিভিশন/ এফ,এম রেডিও ও বেতারে টকশো প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়কে পত্র প্রেরণের বিষয়ে আলোচনা হয়। এ সংক্রান্ত কার্যক্রমের জন্য জনসংযোগ কর্মকর্তাকে ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | আন্তর্জাতিক নারী দিবস ২০২৬ উপলক্ষ্যে বাংলাদেশ টেলিভিশন/ বেসরকারী টেলিভিশন/এফ,এম রেডিও ও বাংলাদেশ বেতারে টকশো প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়কে পত্র প্রেরণ করতে হবে। এ বিষয়ে জনসংযোগ কর্মকর্তাকে ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | নারী ও শিশু মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং জনসংযোগ কর্মকর্তা, নারী ও শিশু মন্ত্রণালয়। |
| ১৫. | অনুষ্ঠান সফলভাবে উদ্‌যাপনে সহযোগিতার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহে পত্র প্রেরণ | আন্তর্জাতিক নারী দিবসের অনুষ্ঠান সফলভাবে উদ্‌যাপনে সহযোগিতার জন্য স্বরাষ্ট্র, তথ্য ও সম্প্রচার, সংস্কৃতি, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগে এবং সিটি কর্পোরেশনকে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | আন্তর্জাতিক নারী দিবসের অনুষ্ঠান সফলভাবে উদ্‌যাপনে সহযোগিতার জন্য স্বরাষ্ট্র, তথ্য ও সম্প্রচার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগে এবং সিটি কর্পোরেশনকে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করতে হবে। | নারী ও শিশু মন্ত্রণালয় |
| ১৬. | মন্ত্রিপরিষদ বিভাগের মাধ্যমে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তাদের নির্দেশনা প্রদান | জেলা ও উপজেলা পর্যায়ে যথাযথভাবে আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপনে নির্দেশনা প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | জেলা ও উপজেলা পর্যায়ে যথাযথভাবে আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপনে নির্দেশনা প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণ করতে হবে। | নারী ও শিশু মন্ত্রণালয় |
| ১৭. | অনুষ্ঠানের ঘোষক/ঘোষিকা ও ইশারা ভাষায় উপস্থাপনকারী এবং পবিত্র ধর্মগ্রন্থ পাঠকারী মনোনয়ন | অনুষ্ঠানের ঘোষক/ঘোষিকা ও ইশারা ভাষায় উপস্থাপনকারী নির্বাচনের বিষয়ে বাংলাদেশ টেলিভিশনে পত্র প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | আন্তর্জাতিক নারী দিবস-২০২৬ অনুষ্ঠানের জন্য বাংলা ও ইংরেজী ঘোষক/ঘোষিকা ও ইশারা ভাষা উপস্থাপনকারীর নাম প্রেরণ করার জন্য বাংলাদেশ টেলিভিশন বরাবরে পত্র প্রেরণ করতে হবে। | নারী ও শিশু মন্ত্রণালয় |

| ক্রঃ নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৮. | সারাদেশব্যাপী অনুষ্ঠান উদ্‌যাপন | দেশব্যাপী আন্তর্জাতিক নারী দিবস ২০২৬ উদযাপনের জন্য মহিলা বিষয়ক অধিদপ্তর, জয়িতা ফাউন্ডেশন ও জাতীয় মহিলা সংস্থাকে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের জন্য সভায় আলোচনা করা হয়। | সকল জেলা ও উপজেলায় আন্তর্জাতিক নারী দিবস ২০২৬ যথাযথভাবে উদযাপনের জন্য মহিলা বিষয়ক অধিদপ্তর, জয়িতা ফাউন্ডেশন ও জাতীয় মহিলা সংস্থাকে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করতে হবে। | নারী ও শিশু মন্ত্রণালয়, মবিঅ, জামস ও জয়িতা ফাউন্ডেশন |
| ১৯. | অনুষ্ঠানস্থল প্রস্তুতকরণ ও গেইট, সাজসজ্জা এবং মঞ্চসজ্জা | আন্তর্জাতিক নারী দিবস-২০২৬ এর অনুষ্ঠানস্থলের গেইট ও মঞ্চসজ্জার যাবতীয় কার্যক্রম (পিপিআর ২০২৫) এর বিধান অনুসরণক্রমে সম্পাদন করার বিষয়ে সভায় নির্দেশনা দেয়া হয়। অনুষ্ঠানস্থল, গেইট, সড়ক ও মঞ্চ সজ্জার কাজ পৃথক পৃথক ইভেন্ট ম্যানেজমেন্টকে দায়িত্ব প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। | আন্তর্জাতিক নারী দিবস ২০২৬ এর অনুষ্ঠানস্থলের গেইট ও মঞ্চসজ্জার যাবতীয় কার্যক্রম (পিপিআর ২০২৫) এর বিধান অনুসরণক্রমে সংশ্লিষ্ট উপ-কমিটি কর্তৃক কার্যক্রম সম্পন্ন করতে হবে। ওসমানী স্মৃতি মিলনায়তনের অনুষ্ঠানস্থল, গেইট, সড়ক ও মঞ্চ সজ্জার কাজ পৃথক পৃথক ইভেন্ট ম্যানেজমেন্টকে দায়িত্ব প্রদান করতে হবে। | মবিঅ ও সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ২০. | দেশব্যাপী দিবসটির প্রচার ও গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিলবোর্ড/ফেস্টুন/পোস্টার ছাপানো | এ বছর আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে কোন প্রকার বিল বোর্ড/ফেস্টুন/পোস্টার না ছাপানোর জন্য নির্দেশনা দেয়া হয়। তবে ওসমানী স্মৃতি মিলনায়তন এবং বাংলাদেশ সচিবালয়ের আশেপাশে ব্যানার/পোস্টার লাগানো যেতে পারে। | এ বছর আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে কোন প্রকার বিল বোর্ড/ফেস্টুন/পোস্টার না ছাপানোর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। তবে বাংলাদেশ সচিবালয়ের আশেপাশে ব্যানার/পোস্টার লাগানো যেতে পারে। | মবিঅ ও সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ২১. | অনুষ্ঠানের পান্ডুলিপি | অনুষ্ঠানের পান্ডুলিপি প্রস্তুতপূর্বক মহিলা বিষয়ক অধিদপ্তর মন্ত্রণালয়ে প্রেরণ করবে মর্মে সভায় আলোচনা হয়। | অনুষ্ঠানের পান্ডুলিপি প্রস্তুতপূর্বক মহিলা বিষয়ক অধিদপ্তর মন্ত্রণালয়ে প্রেরণ করবে। | নারী ও শিশু মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ২২. | অনুষ্ঠান চলাকালীন ভেন্যুর সার্বিক নিরাপত্তা ও আইন শৃঙ্খলা রক্ষার ব্যবস্থাকরণ | অনুষ্ঠান চলাকালীন ভেন্যুর সার্বিক নিরাপত্তা রক্ষার জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা যায়। | অনুষ্ঠান চলাকালীন ভেন্যুর সার্বিক নিরাপত্তার ও আইন শৃংখলা রক্ষার বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে এ বিষয়ে পত্র প্রেরণ করতে হবে। | সমন্বয় শাখা, নারী ও শিশু মন্ত্রণালয় |
| ২৩. | পরিস্কার-পরিচ্ছন্নতা | ভেন্যু এবং সংলগ্ন এলাকা পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিতকরণের জন্য ঢাকা দক্ষিণ/উত্তর সিটি কর্পোরেশনে পত্র প্রেরণ করা যায়। | ভেন্যু এবং সংলগ্ন এলাকা পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিতকরণের জন্য ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনকে এ বিষয়ে পত্র প্রেরণ করতে হবে। | সমন্বয় শাখা, নারী ও শিশু মন্ত্রণালয় |
| ২৪. | অগ্নি নির্বাপন ব্যবস্থা | অগ্নি নির্বাপনের ব্যবস্থা গ্রহণের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর ও সুরক্ষা সেবা বিভাগে পত্র প্রেরণ করা যায়। | অগ্নি নির্বাপনের ব্যবস্থা গ্রহণের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে পত্র প্রেরণ করতে হবে। | সমন্বয় শাখা, নারী ও শিশু মন্ত্রণালয় |



CamScanner

| ক্রঃ নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২৫. | নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ সংক্রান্ত | বিদ্যুৎ বিভাগকে পত্র প্রেরণ করা যায়। | এ বিষয়ে বিদ্যুৎ বিভাগকে পত্র প্রেরণ করতে হবে। | সমন্বয় শাখা, নারী ও শিশু মন্ত্রণালয় |
| ২৬. | এ্যাম্বুলেন্সসহ মেডিকেল টীম | এ বিষয়ে স্বাস্থ্য সেবা বিভাগে পত্র প্রেরণ করা যায়। | অনুষ্ঠানের দিন এ্যাম্বুলেন্সসহ মেডিকেল টীম অনুষ্ঠানস্থলে প্রেরণের জন্য স্বাস্থ্য সেবা বিভাগে পত্র প্রেরণ করতে হবে। | সমন্বয় শাখা, নারী ও শিশু মন্ত্রণালয় |
| ২৭. | সাউন্ড সিস্টেম | সাউন্ড সিস্টেম সংযোজনের জন্য মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তরকে পত্র প্রেরণ করা যায়। | সাউন্ড সিস্টেম সংযোজনের জন্য মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তরকে পত্র প্রেরণ করতে হবে। | সমন্বয় শাখা, নারী ও শিশু মন্ত্রণালয় |
| ২৮. | যানবাহন নিয়ন্ত্রণ | ভেন্যুর সম্মুখের ও পার্শ্ববর্তী রাস্তায় যানবাহন নিয়ন্ত্রণের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে পত্র প্রেরণ করা যায়। | ভেন্যুর সম্মুখের ও পার্শ্ববর্তী রাস্তায় যানবাহন নিয়ন্ত্রণের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে পত্র প্রেরণ করতে হবে। | সমন্বয় শাখা, নারী ও শিশু মন্ত্রণালয় |
| ২৯. | ঢাকা মহানগরের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থান সজ্জিতকরণ সংক্রান্ত | অনুষ্ঠানস্থল ও সচিবালয়ের আশেপাশে সজ্জিতকরণের বিষয়ে সভায় আলোচনা হয়। এ বিষয়ে অনুমতি গ্রহণের জন্য দক্ষিণ সিটি কর্পোরেশনকে পত্র প্রেরণ করা যায়। | অনুষ্ঠানস্থল ও সচিবালয়ের আশেপাশে সজ্জিতকরণের বিষয়ে সভায় আলোচনা হয়। এ বিষয়ে অনুমতি গ্রহণের জন্য দক্ষিণ সিটি কর্পোরেশনকে পত্র প্রেরণ করতে হবে। | সমন্বয় শাখা, নারী ও শিশু মন্ত্রণালয় |
| ৩০. | প্রধান উপদেষ্টার কার্যালয়ে তথ্যাদি/ফোল্ডার প্রেরণ | প্রধান উপদেষ্টার কার্যালয়ে অনুষ্ঠান সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি/ফোল্ডার প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়। | প্রধান উপদেষ্টার কার্যালয়ে অনুষ্ঠান সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি/ফোল্ডার প্রেরণ করতে হবে। | নারী ও শিশু মন্ত্রণালয়, মবিঅ/ সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ৩১. | বাজেট | আন্তর্জাতিক নারী দিবস-২০২৬ উদযাপনের জন্য মহিলা বিষয়ক অধিদপ্তরে বাজেট রয়েছে। আর্থিক বিধিবিধান অনুসরণপূর্বক (পিপিআর-২০২৫) ব্যয় করার জন্য নির্দেশনা প্রদান করেন।<br>দিবস উদযাপনের জন্য আনুমানিক ব্যয় নির্ধারণ করে মাননীয় উপদেষ্টাকে অবহিত করতে হবে। | আন্তর্জাতিক নারী দিবস-২০২৬ উদযাপনের জন্য আর্থিক বিধিবিধান অনুসরণপূর্বক (পিপিআর-২০২৫). মহিলা বিষয়ক অধিদপ্তরকে ব্যয় নির্বাহ করতে হবে। | মবিঅ |
| ৩২. | আন্তর্জাতিক নারী দিবস-২০২৬ সুষ্ঠুভাবে উদযাপনের জন্য সার্বিক সমন্বয় কমিটিসহ বিভিন্ন কমিটি/উপ-কমিটি গঠন | সভায় অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে বিভিন্ন কমিটি/উপ-কমিটি গঠনের বিষয়ে আলোচনা হয়। | সভায় আলোচনাক্রমে নিম্নোক্ত কমিটি/উপ-কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহিত হয়ঃ | - |



CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowca.gov.bd

**স্মারক নম্বর:** ৩২.০০.০০০০.০০০.০৪২.২৩.০০০৩.২৬.৩০

তারিখ: ৫ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১৮ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস, ২০২৬ এর প্রতিপাদ্য সংক্রান্ত।**

৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস, ২০২৬ যথাযোগ্য মর্যাদায় দেশব্যাপী উদ্‌যাপন উপলক্ষে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। এ বছর দিবসটির প্রতিপাদ্য নিম্নরূপ:

**English: "Rights. Justice. Action. For All Women and Girls."**

**বাংলা: "আজকের পদক্ষেপ, আগামীর ন্যায় বিচার**
**সুরক্ষিত হোক নারী ও কন্যার অধিকার"**

আলোচ্য দিবস উপলক্ষে আয়োজিতব্য সকল কার্যক্রমে উক্ত প্রতিপাদ্য ব্যবহার করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৮-০২-২০২৬
আফরোজা বেগম
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৫৫১০০২৪১
ইমেইল : sasadmn2@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। সকল সিনিয়র সচিব/সচিব মন্ত্রণালয়/বিভাগ।।
৩। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মহাপরিচালকের দপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (অধীনস্থ সকল জেলা/উপজেলার অফিসসমূহের অনুষ্ঠানে প্রতিপাদ্য উল্লেখ করার নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৪। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, জয়িতা ফাউন্ডেশন।
৫। অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ।
৬। নির্বাহী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), নির্বাহী পরিচালক এর দপ্তর, জাতীয় মহিলা সংস্থা।
৭। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ শিশু একাডেমি এবং
৮। জেলা প্রশাসক (সকল)।



CamScanner

**স্মারক নম্বর:** ৩২.০০.০০০০.০০০.০৪২.২৩.০০০৩.২৬.৩০/১(৫)

তারিখ: ৫ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১৮ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব ), সিনিয়র সচিব মহোদয়ের দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ( প্রতিপাদ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩। মাননীয় মন্ত্রীর ব্যক্তিগত কর্মকর্তা, মাননীয় মন্ত্রীর দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৪। মাননীয় প্রতিমন্ত্রীর ব্যক্তিগত কর্মকর্তা, মাননীয় প্রতিমন্ত্রীর দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা( মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য) এবং

৫। ব্যক্তিগত কর্মকর্তা, শিশু ও সমন্বয় অনুবিভাগ, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব শিশু ও সমন্বয় এর সদয় অবগতির জন্য)।

১৮-০২-২০২৬
আফরোজা বেগম
সিনিয়র সহকারী সচিব



CamScanner